# কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

রেজিঃ নং- ৪৩ অফ ১৯৪৭ ঃঃ লাইসেন্স নং- ইউ.বি.ডি/ডব্লু.বি.-৬৫২ পি
কাঁথি ঃঃ পূর্ব মেদিনীপুর

স্মারক সংখ্যা ঃ ৫৬ /এ.আর.ও./২০২৪-২৫ তারিখ ঃ ১০/০৬/২০২৪

## প্রতিনিধি (Delegate) নির্বাচন সংক্রান্ত বিজ্ঞপ্তি

পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ইলেকশন কমিশনের মাননীয় সচিবের ২৮/১০/২০২২ তারিখের আদেশ (যার নং- 3079-CEC/IV-01/2012-2013) দ্বারা কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড এর সহকারী রিটার্নিং অফিসার (ARO) নিযুক্ত ও দায়িত্বপ্রাপ্ত হইয়া এবং মহামান্য কলিকাতা হাইকোর্টের WPA(P)570 of 2022 মামলার ১৮/০৪/২০২৪ তারিখের আদেশানুসারে এবং পশ্চিমবঙ্গ কো-অপারেটিভ ইলেকশন্ কমিশনের ২১/০৫/২০২৪ তারিখের নির্দেশানুসারে (যার নং- 165-CEC/IV-01/2024) উক্ত ব্যাঙ্কের প্রতিনিধি নির্বাচনের জন্য চূড়ান্ত ভোটার তালিকাভুক্ত সমস্ত সদস্য ও সদস্যাগণকে জানানো যাইতেছে যে,নিম্নবর্ণিত নির্বাচন সূচী অনুযায়ী ব্যাঙ্কের প্রতিনিধি (ডেলিগেট) নির্বাচন অনুষ্ঠিত হইবে।

এই নির্বাচন পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬, পশ্চিমবঙ্গ সমবায় নিয়মাবলী ২০১১ (সংশোধনী সহ) এবং পশ্চিমবঙ্গ সমবায় নির্বাচন কমিশনের রেগুলেশন, ২০১২, ও পরবর্তী সারকুলার সমূহ এবং ব্যাঙ্কের উপবিধি মোতাবেক অনুষ্ঠিত হইবে।

নির্বাচন সংক্রান্ত নির্বাচন নির্ঘন্ট, নিয়মাবলী, ভোট গ্রহণ ও গণনা এবং অন্যান্য জ্ঞাতব্য বিষয় নিম্নে সংযোজিত হইল যা এই বিজ্ঞপ্তির অংশ হিসাবে বিবেচিত/ পরিগণিত হইবে।

## (ক) নির্বাচন ক্ষেত্র, নির্বাচনী এলাকা, প্রতিনিধি ও পরিচালক সংক্রান্ত তথ্য

| ক্ষেত্র নং | নির্বাচন ক্ষেত্র | নির্বাচনী এলাকা | ভোটার সংখ্যা | ডেলিগেট সংখ্যা | পরিচালক সংখ্যা | পরিচালক মন্ডলীতে সংরক্ষিত/ অসংরক্ষিত আসন |
|---|---|---|---|---|---|---|
| ১ | কাঁথি-১ | কাঁথি পৌর এলাকার অন্তর্গত কুমারপুর, এস ডি কুমার পুর, করকুলি, ধনদিঘী, কনকপুর, কিশোরনগর, ধর্মদাসবাড়, জালালখাঁবাড়, পদ্মপুখুরিয়া মৌজা সমূহ। | ৩৮২৪ | ৫ | ৭ | মহিলা সংরক্ষিত -১ অসংরক্ষিত-৬ |
| ২ | কাঁথি-২ | কাঁথি পৌর এলাকার অন্তর্গত আঠিলাগড়ি ও হাতাবাড়ী মৌজাদ্বয়। | ২৩৯০ | ৩ | | |
| ৩ | কাঁথি-৩ | কাঁথি পৌর এলাকার অন্তর্গত মনোহরচক, দারুয়া, ভগবানপুর, সেরপুর খড়কীবাড়, সেরপুর এতোয়ারীবাড়, সেরপুর তেলেঙ্গাবাড় ও হরিপুর মৌজা সমূহ। | ২৭৪৭ | ৪ | | |
| ৪ | কাঁথি-৪ | কাঁথি ১নং ব্লকের অন্তর্গত মৌজা সমূহ (কাঁথি পৌর এলাকা ব্যতিরেকে) | ৫৮৯৫ | ৮ | | |
| ৫ | কাঁথি-৫ | কাঁথি ২নং ব্লকের অন্তর্গত মৌজা সমূহ। | ৪০৭৫ | ৫ | | |
| ৬ | কাঁথি-৬ | কাঁথি ৩নং ব্লকের অন্তর্গত মৌজাসমূহ। | ২৭০৩ | ৪ | | |
| ৭ | রামনগর-৭ | রামনগর ১নং ও ২নং ব্লকের অন্তর্গত মৌজাসমূহ। | ৮১২৯ | ১১ | ১ | অসংরক্ষিত |
| ৮ | এগরা-৮ | এগরা মহকুমা ঃ- এগরা ১নং ও ২নং ব্লক, এগরা পৌর এলাকা, পশ্চিম মেদিনীপুরের খড়গপুর মহকুমা ঃ- মোহনপুর ব্লকের মৌজা সমূহ। | ৮৪৪৫ | ১১ | ১ | অসংরক্ষিত |
| ৯ | মঙ্গলামাড়ো-৯ | এগরা মহকুমা ঃ (১) পটাশপুর ১নং ব্লকের মৌজাসমূহ, (২) পটাশপুর ২নং ব্লকের মৌজা সমূহ (৩) ভগবানপুর ১নং ব্লকের মৌজাসমূহ (কাকরা ৭নং, কাজলাগড় ৮নং, কোটবাড় ৯নং গ্রাম পঞ্চায়েতের অধীন মৌজা সমূহ ব্যতিরেকে) খড়গপুর মহকুমা ঃ-পশ্চিম মেদিনীপুর জেলার খড়গপুর মহকুমার অন্তর্গত সবং ব্লক ও পিংলা ব্লক এর সমূহ মৌজা। | ৬৯৭৮ | ৯ | ১ | অসংরক্ষিত |
| ১০ | হেঁড়িয়া-১০ | ১০(এ) -কাঁথি মহকুমা ঃ খেজুরী ১নং ব্লক, খেজুরী ২নং ব্লক, ভগবানপুর ২নং ব্লক এর অন্তর্গত মৌজা সমূহ। এগরা মহকুমা ঃ ভগবানপুর ১নং ব্লকের অধীন কাকরা ৭নং, কাজলাগড় ৮নং ও কোটবাড় ৯নং গ্রাম পঞ্চায়েতের অধীন সকল মৌজা। | ৬৭২৯ | ১৪ | ১ | অসংরক্ষিত |
| | | ১০(বি) -হলদিয়া মহকুমা ঃ নন্দীগ্রাম ১নং ব্লক ও ২নং ব্লকের মৌজা সমূহ। তমলুক মহকুমা ঃ নন্দীগ্রাম ৩নং ব্লকের মৌজা সমূহ। | ৪১২৯ | | | |
| ১১ | বেলদা-১১ | খড়গপুর মহকুমা ঃ- খড়গপুর ১নং ও ২নং ব্লক, খড়গপুর পৌর এলাকা, ডেবরা ব্লক, নারায়ণগড় ব্লক, দাঁতন ১নং, ২নং ব্লক, কেশিয়াড়ী ব্লক এর অন্তর্গত সমূহ মৌজা। মেদিনীপুর সদর মহকুমা ঃ- সমূহ এলাকা । ঝাড়গ্রাম মহকুমা ঃ সমূহ এলাকা। বাঁকুড়া, পুরুলিয়া জেলার সমূহ এলাকা। | ৭৩১৩ | ১০ | ১ | অসংরক্ষিত |
| ১২ | হলদিয়া-১২ | হলদিয়া মহকুমা ঃ হলদিয়া পৌর এলাকা, সুতাহাটার ১নং ও ২নং ব্লক, মহিষাদল ব্লক এর অন্তর্গত সমূহ মৌজা। | ৭৯৭৫ | ১১ | ১ | মহিলা সংরক্ষিত |
| ১৩ | নন্দকুমার-১৩ | তমলুক মহকুমা ঃ- নন্দকুমার ব্লক, তমলুক ১নং ব্লক, তমলুক পৌর এলাকা, পাঁশকুড়া ১নং ব্লক, পাঁশকুড়া পৌর এলাকা, ময়না ব্লক এর অন্তর্গত মৌজা সমূহ। ঘাটাল মহকুমা ঃ সমূহ এলাকা। | ৬৬০৪ | ৯ | ১ | অসংরক্ষিত |
| ১৪ | বাড়বড়িয়া-১৪ | ১৪(এ) তমলুক মহকুমা ঃ তমলুক ২নং ব্লক, পাঁশকুড়া ২নং ব্লক এর মৌজা সমূহ। | ২১৬৫ | ৬ | ১ | তপশিলী জাতি /উপজাতি সংরক্ষিত |
| | | ১৪(বি) কলিকাতা ঃ সমগ্র পৌর এলাকা। উত্তর চব্বিশ পরগণা, দক্ষিণ চব্বিশ পরগণা, হাওড়া, হুগলী, বর্ধমান, নদীয়া, বীরভূম, কুচবিহার, দার্জিলিং, আলিপুরদুয়ার, মালদা, জলপাইগুড়ি, উত্তর দিনাজপুর, দক্ষিণ দিনাজপুর, মুর্শিদাবাদ জেলার সমূহ এলাকা | ১৯৭৩ | | | |
| | | | ৮২০৭৪ | ১১০ | ১৫ | |

## (খ) নির্বাচন নির্ঘন্ট

| ক্রমিক নং | বিষয় | তারিখ | সময় | স্থান ও নির্বাচন কেন্দ্র | দায়িত্বপ্রাপ্ত পদাধিকারী |
|---|---|---|---|---|---|
| ১ | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত | ০৭/০৬/২০২৪ | সকাল ১০.০০ টা | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি সহ ব্যাঙ্কের সমূহ শাখায় | সহকারী রিটার্নিং অফিসার |
| ২ | মনোনয়নপত্র বিতরণ | ২৩/০৬/২০২৪<br>২৪/০৬/২০২৪<br>২৫/০৬/২০২৪ | সকাল ১১.০০ টা হইতে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার/দায়িত্ব প্রাপ্ত আধিকারিক |
| ৩ | মনোনয়নপত্র গ্রহণ | ২৬/০৬/২০২৪<br>ও<br>২৭/০৬/২০২৪ | সকাল ১১.০০ টা হইতে বিকাল ৩.০০ টা পর্যন্ত | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার/ দায়িত্ব প্রাপ্ত আধিকারিক |
| ৪ | মনোনয়নপত্র পরীক্ষা | ২৮/০৬/২০২৪ | দুপুর ১.০০ টা থেকে | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৫ | বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ | ২৮/০৬/২০২৪ | মনোনয়নপত্র পরীক্ষার পর | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৬ | মনোনয়নপত্র প্রত্যাহার | ২৯/০৬/২০২৪ | বিকাল ৩.০০ টার পূর্বে | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৭ | চূড়ান্ত বৈধ প্রার্থী তালিকা প্রকাশ | ২৯/০৬/২০২৪ | বিকাল ৪.০০ টায় | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |
| ৮ | প্রতীক বিতরণ, যদি থাকে | ২৯/০৬/২০২৪ | বিকাল ৫.০০ টায় | ব্যাঙ্কের প্রধান কার্য্যালয়, কাঁথি | সহকারী রিটার্নিং অফিসার |

**ভোট গ্রহণ ও ভোট গণনার তারিখ, সময় ও কেন্দ্র পরপৃষ্ঠায় সংযোজিত হইল।**
**ভোট গ্রহণ ও ভোট গণনা সহকারী রিটার্নিং অফিসার ও অন্যান্য আধিকারিক গণের দ্বারা পরিচালিত হইবে।**

## (গ) নিয়মাবলী

১। নির্বাচকগণ কেবলমাত্র সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের নির্দিষ্ট সংখ্যক প্রতিনিধি (ডেলিগেট) নির্বাচন করিতে পারিবেন। নির্বাচনে ইচ্ছুক প্রার্থী এবং তাঁর প্রস্তাবক ও সমর্থককে সংশ্লিষ্ট নির্বাচন ক্ষেত্রের অধীন হইতে হইবে।
২। প্রতিনিধি পদপ্রার্থীদের ন্যূনতম বয়স মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য নির্ধারিত প্রথম দিনে ১৯(উনিশ) বৎসর হইতে হইবে।
৩। নির্বাচনে ইচ্ছুক প্রার্থীর সদস্য পদের বয়স মনোনয়নপত্র জমা দেওয়ার জন্য নির্ধারিত প্রথম দিনের পূর্বে অন্ততঃ নিরবিচ্ছিন্নভাবে ১ (এক) বৎসর হইতে হইবে।
৪। প্রার্থীর যোগ্যতা পশ্চিমবঙ্গ সমবায় আইন ২০০৬ ও নিয়মাবলী ২০১১ (সংশোধনী সহ) এবং পশ্চিমবঙ্গ সমবায় নির্বাচন কমিশনের রেগুলেশন ২০১২ মতে হইতে হইবে।
৫। মনোনয়নপত্র দাখিলের দিনে নির্বাচন পদ প্রার্থীর কোন ঋণ খেলাপী থাকা চলিবে না।
৬। পদ প্রার্থীদের নির্ধারিত ফর্মে মনোনয়নপত্র দাখিল করিতে হইবে। উক্ত ফর্ম ব্যাঙ্ক হইতে বিনামূল্যে সরবরাহ করা হইবে।
৭। মনোনয়ন পত্র গ্রহণ, পেশ প্রত্যাহার কিংবা পরীক্ষার সময় প্রার্থী কিংবা তার অনুমোদিত ইলেকশান এজেন্ট বা প্রস্তাবক-সমর্থক (কেবলমাত্র পরীক্ষার সময়) উপস্থিত থাকিতে পারিবেন। মনোনয়নপত্র প্রত্যাহারের ক্ষেত্রে প্রার্থীকে অবশ্যই উপস্থিত থাকিতে হইবে।
৮। ভোটারদের ভোট দানের সময় তার সদস্য পরিচয়জ্ঞাপক প্রমাণ পত্র এবং জাতীয় নির্বাচন কমিশন নির্ধারিত পরিচিতি সমূহের মধ্যে যে কোনও একটি আনিতে হইবে।
৯। ইলেকশন এজেন্ট নিয়োগে নির্ধারিত ফর্ম ব্যবহার করিতে হইবে।

## (ঘ)ভোট গ্রহণ এবং ভোট গণনার তারিখ, সময় ও কেন্দ্র

| তারিখ,বার ও সময় | নির্বাচন ক্ষেত্র ও নং | ভোট গ্রহণ কেন্দ্র |
|---|---|---|
| ১১/০৭/২০২৪<br>বৃহস্পতিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **বেলদা-১১** | **বেলদা কলেজ,**<br>বেলদা,পশ্চিম মেদিনীপুর। |
| ১৪/০৭/২০২৪<br>রবিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **এগরা-৮** | **এগরা ঝাটুলাল হাই স্কুল**, এগরা,<br>পূর্ব মেদিনীপুর। |
| ১৮/০৭/২০২৪<br>বৃহস্পতিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **মঙ্গলামাড়ো-৯** | **কিষান মান্ডি,**<br>নতুনপুকুর, মঙ্গলামাড়ো, পূর্ব মেদিনীপুর। |
| ২৩/০৭/২০২৪<br>মঙ্গলবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **হলদিয়া-১২** | **মহিষাদল রাজ কলেজ**, মহিষাদল<br>পূর্ব মেদিনীপুর। |
| ২৬/০৭/২০২৪<br>শুক্রবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **নন্দকুমার-১৩** | **মহারাজা নন্দকুমার মহাবিদ্যালয়,**<br>ভবানীপুর,নন্দকুমার, পূর্ব মেদিনীপুর। |
| ২৮/০৭/২০২৪<br>রবিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **হেঁড়িয়া -১০ (এ)** | **হেঁড়ি য়া শিবপ্রসাদ ইনস্টিটিউশন**, হেঁড়িয়া,<br>পূর্ব মেদিনীপুর। |
| | **হেঁড়িয়া -১০ (বি)** | **হেঁড়ি য়া শিবপ্রসাদ ইনস্টিটিউশন**, হেঁড়িয়া,<br>পূর্ব মেদিনীপুর। |
| ৩১/০৭/২০২৪<br>বুধবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **রামনগর -৭** | **রামনগর কলেজ,**<br>দেপাল, রামনগর, পূর্ব মেদিনীপুর। |
| ০৪/০৮/২০২৪<br>রবিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **বাড়বড়িশা - ১৪ (এ)** | **কোলা ইউনিয়ন হাইস্কুল,**<br>কোলা, কোলাঘাট, পূর্ব মেদিনীপুর। |
| | **বাড়বড়িশা - ১৪ (বি)** | **বড় বাজার ব্রাঞ্চ,** কন্টাই কো-অপঃ ব্যাঙ্ক লিঃ, বিদ্যাসাগর টাওয়ার (তৃতীয় তল) ১৫, শ্যামাচরণ দে স্ট্রীট, কলকাতা-৭৩ |
| ১১/০৮/২০২৪<br>রবিবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **কাঁথি-৫** | **বসন্তিয়া হাই স্কুল,**<br>বসন্তিয়া, কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| | **কাঁথি-৬** | **মারিশদা বিজয়কৃষ্ণ জাগৃহি বানীপিঠ**,মারিশদা,<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| ১৪/০৮/২০২৪<br>বুধবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **কাঁথি-১** | **রঘুনাথ আয়ুর্বেদ মহাবিদ্যালয় ও হসপিটাল**<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| ১৬/০৮/২০২৪<br>শুক্রবার, সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **কাঁথি-৪** | **কন্টাই মডেল ইনস্টিটিউশন,**<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| ১৮/০৮/২০২৪<br>রবিবার<br>সকাল ১০.০০ টা হইতে বিকাল ৪.০০ টা পর্যন্ত | **কাঁথি-২** | **কন্টাই মডেল ইনস্টিটিউশন,**<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| | **কাঁথি-৩** | **কন্টাই মডেল ইনস্টিটিউশন,**<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |

| | | | |
|---|---|---|---|
| ২৫/০৮/২০২৪<br>রবিবার | ভোট গণনা | সকাল ১০.০০ টা হইতে গণনা সম্পূর্ণ হওয়া পর্যন্ত | **প্রভাত কুমার কলেজ, কাঁথি,**<br>কাঁথি, পূর্ব মেদিনীপুর। |
| | ভোটের ফল প্রকাশ | ভোট গণনা সম্পূর্ণ হওয়ার পর | |

তারিখ-১০/০৬/২০২৪
স্থান- কাঁথি

শংকর কুমার প্রধান
স্বা/- শংকর কুমার প্রধান
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার
কন্টাই কো-অপারেটিভ ব্যাঙ্ক লিঃ

**SANKAR KUMAR PRADHAN**
Co-operative Development Officer
&
Assistant Returning Officer
Contai Co-operative Bank Ltd.

CONTAI CO-OPERATIVE BANK LTD. * CONTAI-721401 *